

মাদ্রাসা শিক্ষা বোর্ডে পাসের হার ৯১.৪৬%

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক •

মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে আদিম পরীক্ষার এ বছর ৯১ দশমিক ৪৬ শতাংশ পরীক্ষার্থী পাস করেছেন। গত বছর পাসের এ হার ছিল ৯১ দশমিক ৭৭ শতাংশ।

এই বোর্ডের অধীনে মোট ৮৮ হাজার ৮১৪ জন পরীক্ষার্থীর মধ্যে পরীক্ষার উপস্থিত ছিলেন ৮৭ হাজার ৪৭৪ জন। এর মধ্যে পাস করেছেন ৮০ হাজার দুজন। উত্তীর্ণদের মধ্যে ৫০ হাজার ৫৩৫ জন ছাত্র এবং ছাত্রী ৩৯ হাজার ৯৩৯ জন।

মোট উত্তীর্ণের ৬ দশমিক ৮৭ শতাংশ অর্থাৎ ছয় হাজার নিম্নতম জিপি-এ-৫ পেয়েছেন। এর মধ্যে ছাত্র চার হাজার ২১২ জন এবং ছাত্রী এক হাজার ৭৯৭ জন।

মাদ্রাসা বোর্ডে সেরা ফলাফলের দিক থেকে প্রথম হয়েছে কালকতি সদরের আলকতি এন এম কামিল মাদ্রাসা। এই মাদ্রাসার ১৬৫ জন পরীক্ষার্থীর মধ্যে জিপি-এ-৫ পেয়েছেন ১২১ জন। দ্বিতীয় ঢাকার ডেখরার দারুলজালাল সিদ্দিকিয়া কামিল মাদ্রাসা এবং তৃতীয় হয়েছে তামিকুল মিল্লাত কামিল মাদ্রাসার টঙ্গী শাখা। এরপর রয়েছে রংপুর সদরের খাপ মাতগড়া বাইতুল মুকাররাম কামিল মাদ্রাসা, ঢাকার

যাত্রাবাড়ীর তামিকুল মিল্লাত কামিল মাদ্রাসা, পিরোজপুর নেসারাবাদের শাখিনা দারুলসুন্নাত কামিল মাদ্রাসা, ঢাকার ডেখরার তামিকুল মিল্লাত মাদ্রাসা মহিলা শাখা, মরসিংদী সদরের জামেয়া-ই-কাশেমিয়া কামিল মাদ্রাসা, পাবনা সদরের পাবনা ইসলামিয়া আদিম মাদ্রাসা, কুমিল্লার নারুলকোরেব মকরা ভি এম এন ফাজিল মাদ্রাসা, চট্টগ্রামের পাটলাইশ এলাকার জামেয়া আহমাদিয়া সুন্নিয়া কামিল মাদ্রাসা, লক্ষীপুর সদরের তুমচর এম ই ফাজিল মাদ্রাসা, বুলনা সদরের দারুল কুরআন সিদ্দিকিয়া কামিল মাদ্রাসা, ঢাকার তেজগাঁওয়ের মনিয়তুল উলুম, মডেল ইন্সটিটিউট মহিলা কামিল মাদ্রাসা, বুলনা সদরের খান এ সবুর মহিলা ফাজিল মাদ্রাসা, ঢাকার মোহাম্মদপুরের কাদেরিয়া তাইয়্যেবিয়া কামিল মাদ্রাসা, রাজবাড়ি সদরের জাতরিয়া এম আই ফাজিল মাদ্রাসা, চট্টগ্রাম ডারলমোরিংয়ের বাইতুল শারফ আইডিয়াল কামিল মাদ্রাসা, ফেনী সদরের আল জামিয়াতুল ফারিসিয়া কামিল মাদ্রাসা, চট্টগ্রামের চান্দগাঁও এলাকার মাজিদিয়া ইসলামিয়া আদিম মাদ্রাসা এবং ঝণ্ডা সদরের ঠনঠনিয়া এন এ এন ফাজিল মাদ্রাসা।